# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৩৯

১/ বিবিধ

---

আরবী

نهى أن يقام عن الطعام حتى يرفع
ضعيف جدا

أخرجه ابن ماجه (2 / 309) من طريق الوليد بن مسلم عن منير بن الزبير عن مكحول عن عائشة مرفوعا، قال البوصيري في " الزوائد " (4 / 13) : في إسناده الوليد بن مسلم مدلس، وكذلك مكحول الدمشقي، ومنير بن الزبير قال فيه دحيم ضعيف، وقال ابن حبان: يأتي عن الثقات بالمعضلات لا تحل الرواية عنه إلا على سبيل الاعتبار
وفي " الميزان " بعد أن ذكر قول ابن حبان فيه وساق له هذا الحديث: والحديث أيضا منقطع، يعني بين مكحول وعائشة، قال المناوي في شرح " الجامع ": فرمز المصنف لحسنه غير حسن

বাংলা

২৩৯। যতক্ষণ না খাদ্য সামনে থেকে উঠিয়ে নেয়া হবে ততক্ষণ তিনি খাদ্য হতে উঠিয়ে দিতে নিষেধ করেছেন।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু মাজাহ (২/৩০৯) ওয়ালীদ ইবনু মুসলিম সূত্রে মুনীর ইবনুয যুবায়ের হতে ... বর্ণনা করেছেন। বূসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (৪/১৩) বলেছেনঃ এটির সনদে ওয়ালীদ ইবনু মুসলিম রয়েছেন, তিনি মুদাল্লিস। মাকহুল আদ-দেমাস্কিও অনুরূপ। এছাড়া মুনীর ইবনু যুবায়ের সম্পর্কে দাহীম বলেনঃ তিনি দুর্বল। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের থেকে মু’যাল হাদীস নিয়ে এসেছেন। পরীক্ষা করার উদ্দেশ্য ছাড়া তার থেকে বর্ণনা করাই

হালাল নয়।

হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে হাদীসটি উল্লেখ করার পর বলেছেনঃ এটি মুনকাতি হাদীস। মাকহুল এবং আয়েশা (রাঃ)-এর মাঝে সাক্ষাৎ ঘটেনি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5499

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন